

## ফতওয়া নং ৩৯১

### প্রশ্ন:

পর্দায় মেয়েদের মুখ খুলা কি জায়েজ? অনেকে মুখ খুলা জায়েজ ফতোয়া দেয়, অনেকে মানুষ মুখ খুলা জায়েজ মনে করে, অনেক ব্র কপাল খুলে রাখে, আবার মুফতি সাঈদ আহমদ পালাপুরী (রঃ) এর বয়ানে শুনেছি চোখ খুলাও জায়েজ না, আমি জানতে চাই একটা যুবতী মেয়ের শরীরের কোন কোন অঙ্গ খুলা জায়েজ বাইরে বের হওয়ার সময়? বিশেষ করে মুখমন্ডল এর মধ্যে কি কি খুল জায়েজ? চোখ নাক মুখ কপাল ব্র এসবের মধ্যে কি খুলা জায়েজ আর কি খুলা জায়েজ না? হাতের কতটুকু খুলা জায়েজ? পায়ের কতটুকু খুলা জায়েজ,

### উত্তর:

মুখমণ্ডল, উভয় হাত ও পা ছাড়া নারীর দেহ পুরোটাই পর্দার অন্তর্ভুক্ত। তবে মুখমণ্ডল ও হাত-পা পর্দার অন্তর্ভুক্ত না হলেও ফতনার আশঙ্কার কারণে পর পুরুষকে দেখতে দেওয়া জাইয নেই। (ইমদাদুল ফাতাওয়া ৯/২২৯)

স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী

ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।

২৪ যুল কাদাহ, ১৪৪৫ হিজরী (01/06/2024)